

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৫.১৫- ২৮২

০৭/০৫/২০১৭ খ্রিস্টাব্দ।

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (২য় সংশোধিত) প্রকল্পের আওতাভুক্ত ১৫ টি জেলার উপপরিচালক এবং ৫৯ টি উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের অংশগ্রহণে আগামী ১৭-১৮ মে, ২০১৭ খ্রিস্টাব্দ পটুয়াখালী জেলার কুয়াকাটাস্থ পর্যটন কর্পোরেশনের “কুয়াকাটা ইয়ুথ ইন এর কনফারেন্স হল” এ দুই দিন ব্যাপী রিফ্রেশার্স কোর্স অনুষ্ঠিত হবে। বিআরডিবি’র মহাপরিচালক জনাব মোহাম্মদ আবদুল কাইয়ুম উক্ত প্রশিক্ষণ কোর্সটি উদ্বোধনসহ রিসোর্স পারসন হিসেবে অংশ গ্রহণের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, প্রকল্পভুক্ত জেলার উপপরিচালক এবং উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের উক্ত রিফ্রেশার্স কোর্স এ অংশগ্রহণের জন্য আগামী ১৭ মে, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় পটুয়াখালী জেলার কুয়াকাটাস্থ পর্যটন কর্পোরেশনের কুয়াকাটা ইয়ুথ ইন এর কনফারেন্স হল এ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য অনুমোদিত আরডিপিপির নির্ধারিত হারে প্রকল্প হতে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ও সম্মানীভাতা প্রদান করা হবে।

  
(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৫.১৫-২৮২


০৭/০৫/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। যুগ্ম-পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা (প্রকল্পভুক্ত জেলার উপপরিচালক এবং উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের বর্ণিত রিফ্রেশার্স কোর্স এ অংশগ্রহণের অনুমোদনসহ উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী (প্রশিক্ষণ কোর্সটি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপপরিচালক, বিআরডিবি, প্রকল্পভুক্ত জেলা।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, প্রকল্পভুক্ত উপজেলা।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি’র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

  
(মোঃ হাবিবুর রহমান হাবিব)  
সহকারী পরিচালক (উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।